দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 11 JUL 1989
পৃষ্ঠা ৪ কলাম 3

০৭

# রাষ্ট্রপতির পথকলি স্কুল পরিদর্শন

রাষ্ট্রপতি এরশাদ গতকাল সোমবার ধোলাই পাড়ে পথকলি স্কুল-১ পরিদর্শন করেন।

বাসস জানায়, রাষ্ট্রপতি স্কুলের বিভিন্ন বিভাগ ঘুরে ঘুরে দেখেন এবং ছাত্রদের সাথে তাদের পড়াশুনার অগ্রগতি সম্পর্কে জানতে চেয়েআলাপ করেন।

তাঁকে ছাত্রদের পড়াশুনার অগ্রগতি, উপস্থিতির হার এবং পারিবারিক পটভূমি সংক্রান্ত কম্পিউটার সজ্জিত রেকর্ড দেখানোহয়।

পথকলি ট্রাস্টের ভাইস চেয়ারম্যান শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম এ সময় উপস্থিতছিলেন।

দুঃস্থ ও ভাগ্যাহত শিশুদের জন্য পথকলি স্কুল প্রতিষ্ঠা করা হয়েছে।

রাষ্ট্রপতি এরশাদ ইট ও পাথর ভাঙ্গার মত কঠিন শারীরিক শ্রমে জড়িত শিশুদের অবস্থা দেখে পথকলি স্কুল স্থাপনেরউদ্যোগনেন।

ফতুল্লায় পথকলি স্কুল-২ অবস্থিত এবং যাত্রাবাড়ীতে অপর একটি স্কুল স্থাপিত হচ্ছে।

ফার্স্ট লেডি বেগম রওশন এরশাদকে চেয়ারম্যান করে সম্প্রতি পথকলি ট্রাস্ট গঠিতহয়েছে।